

আন-নাবা | An-Naba' | النَّبَأُ

আয়াতঃ ৭৮ : ১৪

আরবি মূল আয়াত:

وَأَنْزَلْنَا مِنَ الْمُعْصِرَاتِ مَاءً ثَجَّاجًا ﴿١٤﴾

অনুবাদসমূহ:

আর আমি মেঘমালা থেকে প্রচুর পানি বর্ষণ করেছি। — আল-বায়ান

আর আমি বর্ষণ করি বৃষ্টিবাহী মেঘমালা থেকে প্রচুর পানি, — তাইসিরুল

আর বর্ষণ করেছি মেঘ হতে প্রচুর বৃষ্টি। — মুজিবুর রহমান

And sent down, from the rain clouds, pouring water — Sahih International

১৪. আর আমরা বর্ষণ করেছি মেঘমালা হতে প্রচুর বারি(১),

(১) معصرة শব্দটি معصرات এর বহুবচন। এর অর্থ জলে পরিপূর্ণ মেঘমালা। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

১৪। আর বর্ষণ করেছি পানিপূর্ণ মেঘমালা হতে প্রচুর পানি। [1]

[1] المرأة সেই মেঘসমূহ যা পানি দ্বারা পরিপূর্ণ থাকে, কিন্তু যা এখনো বর্ষণ করেনি। যেমন, المرأة সেই নারীকে বলা হয়, যার মাসিক (ঋতুর) সময় ঘনিয়ে এসেছে। ثَجَّاجًا অর্থ হল অতিরিক্তভাবে প্রবাহিত হয়ে যায় এমন পানি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5686>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন